দৈনিক ইত্তেফাক

3 1 JAN 2009

তারিখ · 31 JAN 2009
পৃষ্ঠা ··· কলাম ···

# এসএসসি পর্যন্ত শিক্ষা বাধ্যতামূলক হচ্ছে: শিক্ষামন্ত্রী

॥ সিলেট অফিস ॥

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, বর্তমান সরকার কুদরত-ই-খোদা শিক্ষানীতিকে আধুনিকায়ন ও যুগোপযোগী করে একটি সার্বজনীন শিক্ষানীতি প্রণয়ন করতে যাচ্ছে। এ লক্ষ্যে কাজও শুরু হয়েছে। তিনি বলেন, ২০১২ সালের মধ্যে প্রত্যেকের জন্য এসএসসি পর্যন্ত বাধ্যতামূলক শিক্ষার ব্যবস্থা করা হবে। পাঠ্যপুস্তক সংকটের বিষয়ে শিক্ষামন্ত্রী বলেন, বিগত তত্ত্বাবধায়ক সরকারের যথাযথ পদক্ষেপের অভাবে কিছু মুনাফালোভী ব্যবসায়ী এই কৃত্রিম সংকট সৃষ্টির সুযোগ পেয়েছে।

গতকাল শুক্রবার দুপুরে সিলেটের গোলাপগঞ্জ উপজেলার এমসি একাডেমি স্কুল ও কলেজে এক সংবর্ধনা অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। উপজেলা নির্বাহী কর্মকর্তা নাজমুল আবেদীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন সিলেট শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর এসএম আব্দুল খালেক, গোলাপগঞ্জ উপজেলার নব নির্বাচিত (২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## এসএসসি পর্যন্ত

(প্রথম পৃঃ পর)

চেয়ারম্যান ইকবাল আহমদ চৌধুরী প্রমুখ।

নুরুল ইসলাম নাহিদ বলেন, শিক্ষা ব্যবস্থাকে আন্তর্জাতিক মানে নিয়ে যাওয়ার জন্য গুণগত মানের পাশাপাশি অবকাঠামোগত উন্নয়নের উদ্যোগ নেবে সরকার। তিনি বলেন, প্রশ্নপত্র ফাঁস হলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে এমন কঠোর ব্যবস্থা নেয়া হবে, যা অতীতে হয়নি।

### বিশ্বনাথে ছিনতাইকারীর কবলে ব্যাংক ম্যানেজার

সিলেটের বিশ্বনাথ উপজেলার বৈরাগীবাজারে অগ্রণী ব্যাংকের ম্যানেজার মোহাম্মদ ইউসুফকে মারধর করে তার সর্বস্ব লুটে নিয়েছে ছিনতাইকারীরা। গত বৃহস্পতিবার রাতে এ ঘটনা ঘটে। যাত্রীবাহী অটোরিকশায় বাসায় ফেরার পথে ছিনতাইকারী তাকে জাপটে ধরে ২টি মোবাইল ফোনসেট, নগদ কিছু টাকা ও গুরুত্বপূর্ণ কাগজপত্র লুটে নেয়। পরে তাকে মারধর করে ধাক্কা দিয়ে চলন্ত অটোরিকশা থেকে ফেলে দেয়।